# LGED
# Citizen Charter

ভূমিকাঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহকে কারিগরী সহায়তা প্রদান, পল্লী ও শহরাঞ্চলের অবোকাঠামো উন্নয়ন ও রক্ষাণাবেক্ষণসহ ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে গুরুত্বপুর্ণ অবদান রাখছে। একটা সময় ছিল যখন বাংলাদেশ গ্রামীণ এলাকার যোগাযোগ অবকাঠামো ছিল অত্যন্ত নাজুক। আজ এলজিইডি'র ব্যাপক উন্নয়ন কর্মকান্ডের মাধ্যমে দেশের সর্বত্র গ্রামীণ যোগাযোগের ক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন এসেছে। আজ গ্রামের উৎপাদিত ফসল বাজারজাতকরণ ও পরিবহন সুবিধা বৃদ্ধি পেয়ে কৃষকদের উৎপাদিত পন্যের ন্যায্য মূল্যে প্রাপ্তি নিশ্চিত হচ্ছে। এছাড়াও পরিবেশের ভারসাম্য সংরক্ষণ ও দারিদ্র বিমোচনের লক্ষ্যে সরকারের জাতীয় কর্মসূচী বাস্তবায়নে এলজিইডি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে ও উন্নয়নে সহযোগী সংস্থার সহায়তায় এলজিইডি বিভিন্ন প্রকল্প ও কর্মসূচী বাস্তবায়ন করছে। সিটিজেন চার্টার হল জনগনের সেবা পাওয়ার অধিকারের লিখিত সনদ। এর মাধ্যমে জনগণের আশা আকাঙ্খার প্রতিফলন ঘটিয়ে বিদ্যমান সেবা সমূহের মান উন্নয়নের সুযোগ সৃষ্টি হয়। সিটিজেন চার্টারের মাধ্যমে সেবা গ্রহণকারীদের যথাসময়ে সেবাপ্রদান নিশ্চিত করা হয়। সেবা প্রদানকারী কর্তৃপক্ষের কর্মকান্ডের স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রশাসনের গতিশীলতা বৃদ্ধি পায়। সিটিজেন চার্টারের মাধ্যমে সেবা গ্রহণকারীর মধ্যে পারস্পারিক আস্থা বৃদ্ধি পায়।

## এলজিইডি'র মূখ্য দায়িত্বাবলীঃ

১) পল্লী ও নগর অঞ্চলে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
২) পল্লী অবকাঠামো রক্ষণাবেক্ষণ;
৩) গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
৪) ইউনিয়ন, উপজেলা, জেলা পরিষদ ও পৌরসভাকে কারিগরী সহায়তা প্রদান;
৫) ইউনিয়ন, উপজেলা ও পৌরসভা প্লানবুক, ম্যাপিং ও সড়ক এবং সামাজিক অবকাঠামো ডাটাবেজ প্রস্তুতকরণ;
৬) ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন পরিকল্পনা, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
৭) বিভিন্ন মন্ত্রণালয়ের অবোকাঠামো উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
৮) জনপ্রতিনীধি, উপকারভোগী, ঠিকাদার, চুক্তিবদ্ধ শ্রমিকদল সমূহের সংশ্লিষ্ট উন্নয়ন কর্মকান্ডে প্রশিক্ষণ;
৯) ডিজাইন ও অন্যান্য কারিগরী মডেল, ম্যানুয়েল ও স্পেসিফিকেশন প্রণয়ন;
১০) এলজিইডি'র কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি;

## এলজিইডি'র খাতওয়ারী প্রধান প্রধান কর্মকান্ডঃ

### গ্রামীণ অবকাঠামো

সড়ক নির্মাণ/পুননির্মাণ/পুর্নবাসন
ব্রীজ/কালভার্ট নির্মাণ/পুণনির্মাণ
গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন
ঘাটি/জেটি নির্মাণ
ইউনিয়ন পরিষদ ভবণ নির্মাণ
উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ
ঘুর্নিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ/পুনর্নিমাণ
বৃক্ষরোপন কর্মসূচী ক্ষুদ্র-ঋন কর্মসূচী
কৃষি, মৎস ও পশু সম্পদ উন্নয়ন

### নগর অবকাঠামো

সড়ক ফুটপাত নির্মাণ/পুননির্মাণ
নর্দমা নির্মাণ/পুণনির্মাণ
বাস/ট্রাক টার্মিনাল নির্মাণ
বাজার উন্নয়ন
টাউন সেন্টার নির্মাণ
স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ
টিউবওয়েল স্থাপন
ক্ষুদ্র-ঋণ কর্মসূচী
বর্জ্য ব্যবস্থাপনা
বস্তি উন্নয়ন কার্যক্রম
নগর পরিচালনা উন্নতিকরণ
দারিদ্র বিমোচন
নগর প্রশাসনের সক্ষমতা বৃদ্ধি

### ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন

বাঁধ নির্মাণ
স্লুইচ গেট নির্মাণ
রাবার ড্যাম নির্মাণ
খাল খনন ও পুন:খনন
বন্যা নিয়ন্ত্রণ, বাঁধ নির্মাণ/পুণ:নির্মাণ
স্থানীয় পানি ব্যবস্থাপনা
সমবায় সমিতিকে (পাবসস) বিভিন্ন
কারিগরী ও জীবিকা উন্নয়নে সহায়তা প্রদান

## সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও নিস্পত্তিকরণঃ

সিটিজেন চার্টারের বর্ণিত সেবা নির্ধারিত সময়সীমার মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত প্রদানের ব্যর্থ হলে সংশ্লিষ্ট ভুক্তভোগী লিখিতভাবে সেবা প্রদান কর্তৃপক্ষের নিকট অভিযোগ করতে পারবেন। সেবা প্রদান কর্তৃপক্ষ অভিযোগ পাওয়ার ১৫(পনের) দিনের মধ্যে অভিযোগকারীর অভিযোগ আমলে নিয়ে বিষয়টি নিস্পত্তি করবেন। অভিযোগকারী সেবা প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে সেবা প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রনকারী পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট আপীল আবদেন করতে পারবেন। আপীল কর্তৃপক্ষ আপীল পাওয়ার ১৫(পনের) দিনের মধ্যে অভিযোগ নিস্পত্তি করবেন এবং সেবা প্রদানকারী কর্তৃপক্ষকে লিখিত নির্দেশনা দিবেন। অত্র দপ্তরের উপ-সহকারী প্রকৌশলী-১ জনাব মোঃ শরাফ উদ্দিন ও উপ-সহকারী প্রকৌশলী-২ জনাব মোঃ শামসুদ্দোহা সাগর যথাক্রমে আপীল (আরটিআই) এবং দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে দায়িত্ব পালন করবেন। বর্ণিত কর্মকর্তাদের সাথে মোবাইল ফোনে সার্বক্ষনিক যোগাযোগ করা যাবে।
বর্ণিত কর্মকর্তাদের মোবাইল নম্বর যথাক্রমে ০১৭১৮-৩১৬১৪৯ এবং ০১৭৬৩-২৫৮৯৯৩।